



চাকরি সরকারিকরণের দাবিতে গতকাল প্রেসক্লাবের সামনে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি অনশন পালন করে - সংবাদ

## চাকরি জাতীয়করণের দাবিতে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের অবস্থান কর্মসূচি

নিজস্ব বার্তা পরিবেশক

চাকরি জাতীয়করণের দাবিতে শাহবাগে অবস্থান কর্মসূচি পালন করছেন বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। দাবি আদায়ে আজ প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি এবং আগামীকাল প্রতীকী অনশন কর্মসূচি পালন করা হবে।

গতকাল এ অবস্থান কর্মসূচিতে সংগঠনের সিনিয়র মহাসচিব আবুল কালাম আজাদ এ কথা জানান। দুপুর ১২টার দিকে প্রেসক্লাব থেকে একটি মিছিলের মাধ্যমে তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষকদের : পৃষ্ঠা : ২ ত : ৪

### শিক্ষকদের : অবস্থান (১৬ পৃষ্ঠার পর)

কাছে আরকর্সিপি দিতে প্রধানমন্ত্রী কার্যালয়ের দিকে যেতে চাইলে শাহবাগ মোড়ের কাছে পুলিশ তাদের বাধা দেয়। বাধা পেয়ে গণস্বাক্ষরগৃহের সামনে তারা অবস্থান কর্মসূচি পালন করেন। আবুল কালাম আজাদ, সজপতি শায়সুল আলম, যীশেন্দ্র মোহন দাশ, সাংগঠনিক সম্পদক সাইফুল ইসলাম, সিনিয়র যুগ্ম মহাসচিব শ্রী নিলান উকিনসহ ১৩ সদস্যের একটি দল প্রধানমন্ত্রীর কাছে 'আরকর্সিপি দেয়ার জন্য জওয়ার পথে পুলিশ বাধা দেয়।

আবুল কালাম আজাদ বলেন, আমাদের দাবি একটিই- চাকরি জাতীয়করণ। এ দাবিতে আমরা কয়েকবছর ধরে আন্দোলন করে আসছি। সরকার যদি চাকরি জাতীয়করণের দাবি মেনে নিতে ব্যর্থ হয় তবে আমরা দাবি করব দেশে বর্তমানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সমান সুযোগ সুবিধা দেয়ার জন্য।